দৈনিক সংবাদ

37

তারিখ ... JUL 30 1988 ...
পৃষ্ঠা ... কলাম ...

# বুয়েটের বহিষ্কৃত ৪ ছাত্রের রিট খারিজ

সুপ্রিম কোর্ট প্রতিবেদক ঃ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কৃত চারজন ছাত্রের রিট আবেদন গতকাল বৃহস্পতিবার খারিজ করে দিয়েছেন।

গত ২৪শে জুন বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে শৃংখলা ভঙ্গের অভিযোগে শোভাশিষ দাস ববি, মোঃ সানাউল হক রবিন, মোঃ রবিন আদাম্মা ও মোঃ হারুনুর রশিদকে বহিষ্কার করা হয়। এর মধ্যে মোঃ সানাউল হক রবিনকে চিরদিনের জন্য ও অপর তিন জনকে দুই বছরের জন্য বহিষ্কার করা হয়।

দুই বছরের বহিষ্কারাদেশের মধ্যে এক বছর তাৎক্ষণিকভাবে কার্যকর হবে এবং অপর এক বছরের বহিষ্কারাদেশ কার্যকর হবে যদি ঐ তিন ছাত্র ভবিষ্যতে এ ধরনের

রিট ঃ পৃঃ ১১ কঃ ২

## রিট ঃ খারিজ

(১ম পৃষ্ঠার পর)

কোন অপরাধ করে। বহিষ্কৃত ছাত্ররা বহিষ্কারাদেশ চ্যালেঞ্জ করে পৃথক পৃথক রিট আবেদন করে।

হাইকোর্ট বিভাগের বিচারপতি কাজী এবাদুল হক ও বিচারপতি মোঃ মোজাম্মেল হোসেনের সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চ প্রাথমিক শুনানিশেষে রিট আবেদনগুলো খারিজ করে দেন। তবে মোঃ সানাউল হক রবিনের বহিষ্কারাদেশ পরিবর্তন করে অন্য তিনজনের সমপর্যায় করার নির্দেশ দেন।

আবেদনকারীদের পক্ষে মামলা পরিচালনা করেন ব্যারিস্টার শফিক আহমেদ, এডভোকেট আবদুর রশিদ, এডভোকেট সুব্রত চৌধুরী ও এডভোকেট আসাদুল্লাহ তারেক প্রমুখ।